

২০২০

**স্নাতক পরীক্ষা
সাম্মানিক বাংলা
চতুর্থ পত্র**

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

১। যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও : $8 \times 2 = 16$

- ক) ‘বীরাঙ্গনা’ কাব্যটির প্রকাশ সাল লেখো। কাব্যটি কবি কাকে উৎসর্গ করেছেন?
- খ) “বন-নিবাসিনী দাসী নমে রাজপদে, রাজেন্দ্র।” — দাসী ও রাজেন্দ্রের নাম লেখো।
- গ) “যে দিন, — কুদিন তারা বলিবে কেমনে?” — কোন্‌ দিনটির কথা বলা হয়েছে দুটি বাক্যে লেখো।
- ঘ) “নন্দলাল ত একদা একটা করিল ভীষণ পণ —” ‘নন্দলাল’ কার লেখা কোন্‌ কাব্যগ্রন্থের কবিতা? নন্দলালের ভীষণ পণটি কী ছিল?
- ঙ) “গীতগোবিন্দের শোক গাহিয়া গাহিয়া অমিলাম কুঞ্জে কুঞ্জে;” — ‘গীতগোবিন্দ’ কার রচিত কাব্য? ‘কুঞ্জ’ শব্দটির অর্থ কী?
- চ) ‘শোককবিতা’ বলতে কী বোঝো? তোমাদের পাঠ্য ‘উনিশ শতকের গীতিকবিতা’ থেকে একটি শোককবিতার নাম লেখো।

[পরের পাতায়]

ছ) জীবনানন্দ দাশের ‘বোধ’ কবিতাটি প্রথম কোন্‌ পত্রিকার কোন্‌ সংখ্যায় প্রকাশিত হয়? পত্রিকাটির সম্পাদক কে ছিলেন?

জ) “এই তো জানু পেতে বসেছি, পশ্চিম আজ বসন্তের শূন্য হাত —” বসন্তের হাত শূন্য কেন তা ব্যাখ্যা করো।

ঝ) “প্রশ্ন করো যদি এত যুদ্ধ করে পেলাম কী? উত্তর তার —” যে উত্তর দেওয়া হয়েছে তা নিজের ভাষায় লেখো।

ঝঃ) কাব্যজিজ্ঞাসার প্রবন্ধগুলি প্রথম কত সালে ও কোন্‌ পত্রিকায় প্রকাশিত হয়?

ঢ) অনুভাব কাকে বলে?

ঢঃ) বাক্য কীভাবে কাব্য হয়ে ওঠে তা ব্যাখ্যা করো।

২। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও : $6 \times 6 = 36$

ক) ‘দশরথের প্রতি কেকয়ী’ পত্রিকাটি শুরু হয়েছে দশরথের প্রতি কেকয়ীর একগুচ্ছ প্রশ্ন দিয়ে। প্রথম প্রশ্ন কোনটি? যথাসম্ভব ত্রুট্যের প্রশ্নগুলির গদ্যরূপ লেখো।

 $1+5=6$

খ) “ছাড়িব এ পোড়া প্রাণ জাতুবীর জলে” — কে কী কারণে আত্মহত্যা করতে চেয়েছে? এই সিদ্ধান্ত বক্তার চরিত্রের কোন্‌ দিকটি প্রকাশ করে — তা ব্যাখ্যা করো।

 $2+8=6$

গ) দেবেন্দ্রনাথ সেনের ‘মা’ কবিতাটি কোন্‌ কাব্যগ্রন্থের? একটি আদর্শ সন্তোষ হিসেবে কবিতাটির সার্থকতা দেখাও।

 $1+5=6$

ঘ) একটি শাস্তি স্নিফ গ্রামের চিত্র ‘গ্রাম্য-ছবি’ কবিতাটিতে কীভাবে ফুটে উঠেছে দেখাও।

৬

- ৬) ‘অন্ধকারে মুখ চাপা দিয়ে
দড়ি পাকানো সেই গাছ
তখনও হাসছে’
— কোন্ কবিতা থেকে উদ্ধৃত? গাছের এই হাসির
অস্ত্রনিহিত তৎপর্য লেখো। $1+5=6$
- চ) ‘বাজারে ত্রুরতা, গ্রামে রণহিংসা
বাতাবি লেবুর গাছে জোনাকির ঘূর্ণিক খেলা।’
— কোন্ কবিতার অংশ? প্রসঙ্গ উল্লেখসহ উদ্ধৃতাংশটির
তৎপর্য লেখো। $1+5=6$
- ছ) ‘স্থায়ীভাব’ বলতে কী বোঝো? স্থায়ীভাব কীভাবে রসে
পরিণত হয় তা ব্যাখ্যা করো। $2+4=6$
- জ) ‘ভিখারী-মায়ের শিশু,
কলকাতার যীশু’ — কার লেখা কোন্ কবিতার অংশ?
ভিখারী-মায়ের শিশুকে কবির কেন কলকাতার যীশু মনে
হয়েছে? $1+5=6$
- ঝ) একটি আদর্শ গীতিকবিতা হিসেবে মানকুমারী বসুর
'বেলাশৈষে' কবিতাটির সার্থকতা বিচার করো। 6
- ঞ) ‘কাব্যনির্মাণ কৌশলের তিনভাগ।’ — ভাগগুলি সম্পর্কে
আলোচনা করো। 6
- ৩। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের
উত্তর দাও : $8 \times 12 = 88$
- ক) ‘দুষ্প্রস্তরের প্রতি শকুন্তলা’ পত্রিকায় শকুন্তলার প্রেমানুভব
প্রকাশে প্রকৃতির ভূমিকা পর্যালোচনা করো। 12

অথবা

‘বীরাঙ্গনা’ কাব্যের পত্রিকাগুলিতে কাব্যগুণের সঙ্গে
নাট্যগুণের কীভাবে সমন্বয় ঘটেছে তা বিশ্লেষণ করে দেখাও।
‘নাটকীয় একোন্তি’ বলতে কী বোঝো? $10+2$

- খ) তোমাদের পাঠ্য উনিশ শতকের গীতিকবিতাগুলিতে
বাঙালির উনিশ-শতকী চিষ্টা-চেতনার প্রকাশ কীভাবে ঘটেছে
তা বিশ্লেষণ করে দেখাও। 12

অথবা

বঙ্গমিচন্দ্রের জন্ম ও মৃত্যু সাল লেখো। একটি আদর্শ
গীতিকবিতা হিসেবে ‘বঙ্গবিদায়’ কবিতাটির সার্থকতা
দেখাও। $2+10=12$

- গ) ‘অবনী বাড়ি আছো’ কবিতাটিতে অবনী কে বলে তোমার
মনে হয়? কবিতাটির তৎপর্য বিশ্লেষণ করো। $2+10=12$

অথবা

‘যোড়সওয়ার’ কবিতাটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত
হয় ও এটি কোন্ কাব্যগ্রন্থের কবিতা? কবিতাটির মর্মার্থ
নিজের ভাষায় ব্যাখ্যা করো। $1+1+10=12$

- ঘ) “শোক দুঃখদায়ক, কিন্তু কবির কাব্যে মনে যে করণ রসের
সংশ্লেষণ হয় তা চোখে জল আনলেও মনকে অপূর্ব আনন্দে
পূর্ণ করে।” — আলোচনা করো। 12

অথবা

“কাব্যের আত্মা ‘ধ্বনি’ বলে যাঁরা আরম্ভ করেছেন, কাব্যের
আত্মা ‘রস’ বলে তাঁরা উপসংহার করেছেন।” — কাব্যের
আত্মা অব্যেষণের এই যাত্রাপথটি আলোচনা করো। অভিনব
গুপ্ত রচিত গ্রন্থটির নাম লেখো। $10+2=12$